

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৭৯৯

আগরতলা, ১৩ নভেম্বর, ২০২৪

মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব, সুস্থ কৈশোর অভিযান ৭.০

রাইতুইসা ও সোনাইমুড়ি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে টিডি টিকাকরণ কর্মসূচি

উনকোটি জেলার কুমারঘাট মহকুমা হাসপাতালের অন্তর্গত সোনাইমুড়ি আয়ুষ্মান আরোগ্য মন্দিরের অধীন সোনাইমুড়ি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে ও বেতছরা আয়ুষ্মান আরোগ্য মন্দিরের অধীন রাইতুইসা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে গত ১২ নভেম্বর, ২০২৪ মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব, সুস্থ কৈশোর অভিযান ৭.০ এর অঙ্গ হিসাবে টি ডি টিকাকরণ অনুষ্ঠিত হয়। এই কর্মসূচিতে সোনাইমুড়ি আয়ুষ্মান আরোগ্য মন্দিরের এমপিডব্লিউ ঝন্টু মালাকার ও এএনএম জয়শ্রী পাল সোনাইমুড়ি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে ১০ বছর পর্যন্ত ১১ জন ও ১৬ বছর পর্যন্ত ৩৬ জন শিশুকে টি ডি টিকাকরণ করা হয়। এদিকে বেতছড়া আয়ুষ্মান আরোগ্য মন্দিরের উদ্যোগে রাইতুইসা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে এএনএম মনীষা পাল ও আশাকর্মা দীপালি দত্ত ১৬ বছরের ১৫ জন শিশুকে টি ডি টিকাকরণ করেন। উক্ত দুটি টিকাকরণ কর্মসূচিতে টিকাকরণের পাশাপাশি স্বাস্থ্যকর্মীরা টিকাকরণের গুরুত্ব সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।
